

# পার্বত্য চট্টগ্রাম জেলা সমূহে পরিবেশসম্মত ভাবে ইঁদুর ব্যবস্থাপনা প্রশিক্ষণ প্রকল্প Ecologically based Rodent Management Training at CHTs Project

## ছোট গৈছো ইঁদুর : (*Rattus exulans*)

ছোট গৈছো ইঁদুর দেখতে অনেকটা বড় গৈছো ইঁদুরের মতই। তবে কিছুটা পশাটে, লালচে বাদামী বর্ণের এবং আকারে গৈছো ইঁদুরের চেয়ে তুলনামূলকভাবে ছোট হয়ে থাকে (সাধারণত: ৫০-৭০ গ্রাম)। এদের পেটের পশম সাদাটে এবং লেজের দৈর্ঘ্য মাথা ও শরীরের তুলনায় লম্বা হয়ে থাকে। সাধারণত: বছরে ৭/৮ বার এবং প্রতিবারে ৩-৬ টি করে বাচ্চা প্রসব করে থাকে। এদেরকে সাধারণত: মাঠে কম দেখা যায়, তবে বাড়ীর আশেপাশে, উঁচু এলাকায় ও মটিকেল জাতীয় গাছে বেশী দেখা যায়। এ জাতের ইঁদুর শুদাম জাত শস্য, ফল-মূল, তরিতরকারী ইত্যাদির বিশেষ ক্ষতি সাধন করে।



## হিমালয়ান ইঁদুর : (*Rattus nitidus*)

এই ইঁদুরের পৃষ্ঠ দেশের পশম বাদামী এবং জীম রঙের কিন্তু পেটের পশমের রঙ গোড়ার দিকে ধূসর বর্ণের। লেজ মাথা ও দেহের সমান হয় এবং লেজের উপরের অংশ কালো এবং নীচের অংশ ক্যাকাশে বর্ণের। পিছনের পা লম্বা, সরু এবং ধবধবে সাদা লোমে আবৃত থাকে। ইহারা সাধারণত উঁচু ভূমি ও বনাঞ্চলে গর্ত করে বসবাস করে। ইহারা সাধারণত উঁচু ভূমির কৃষি ফসল যেমন- ধান, গম, ভুট্টা, গোলআলু এবং ফল বাগানের প্রচুর ক্ষতি সাধন করে।



## ঘরের বাড়ি ইঁদুর : (*Mus musculus*)

ছোট আকারের এই ইঁদুরকে কোন কোন এলাকায় ঘরের বাড়ি ইঁদুর, কোথাও শইথ্যা ইঁদুর বলে থাকে। কিন্তু কুমিল্লায় এই ইঁদুরকে বাড়ি ইঁদুর বলে। এই ইঁদুরের শরীর ও মাথার দৈর্ঘ্যের তুলনায় লেজের দৈর্ঘ্য কিছুটা বড় হয়। পিছনের পায়ে দৈর্ঘ্য সাধারণত: ১৪-১৮ সে:মি: এর মত এবং এদের ওজন পূর্ণ বয়স্ক অবস্থায় সাধারণত: ১৪-২৫ গ্রাম হয়। পায়ের পশম ছাই বা হালকা তামাটে বর্ণের, পেটের পশম খানিকটা হালকা ধূসর বর্ণের। এরা ঘরে বাস করে, ঘরে সংরক্ষিত খাদ্যশস্য, ঘরের জিনিসপত্র, কাপড় চোপড় এবং বই পুস্তক এর ক্ষতি সাধন করে। এরা সারা বছরই বাচ্চা জন্ম দিতে পারে তবে, সাধারণত: বছরে ৭-৮ বার এবং প্রতিবারে ৪-৬টি বাচ্চা প্রসব করে। স্ত্রী ইঁদুর প্রসবের ৪৮ ঘন্টা বা দুই দিনের মধ্যে পুনরায় গর্ভধারণ করতে পারে। এদের বাচ্চাদের বয়স দুই মাস পূর্ণ হলেই এরা বাচ্চা জন্ম দেওয়ার ক্ষমতা অর্জন করে।



## মাঠের ছোট নেংটি ইঁদুর : (*Mus booduga*)

ছোট আকারের এই ইঁদুর মাঠের নেংটি ইঁদুরের মতই। এই ইঁদুরের শরীর ও মাথার দৈর্ঘ্যের তুলনায় লেজের দৈর্ঘ্য কিছুটা বড় হয়। এরা সাধারণত মাঠে বাস করে। পায়ের উপরের দিকের পশম ধূসর ও পেটের দিক হালকা ধূসর বা সাদাটে ধূসর হয়। পশম ছোট এবং খুবই মসৃণ। মাঠের ছোট দানাदार ফসলের ক্ষতি করে থাকে। এরা মাটিতে গর্ত করে বাস করে। এদের গর্ত খুব ছোট এবং চিকন। অনেক সময় পোকাকার গর্ত বলে মনে হয়। এরা সারা বছরই বাচ্চা দেয়। এদের গর্ভধারণকাল ১৮-২১ দিন এবং স্ত্রী ইঁদুরের স্তন ৫ জোড়া। বাচ্চা প্রসবের ৪৮ ঘন্টার বা দুই দিনের মধ্যে স্ত্রী ইঁদুর আবার গর্ভধারণ ক্ষমতা অর্জন করে। বাচ্চাদের বয়স দুই মাস পূর্ণ হলেই এরা বাচ্চা জন্ম দেওয়ার ক্ষমতা অর্জন করে।



## সাদা-দাঁত বিশিষ্ট ইঁদুর : (*Berylmys bowersi*)

বেরিলমাইস প্রজাতি ক্যাকাশে-ক্রীম অথবা সাদা এনামেলহুজ্জ হেদন দাঁতের জন্য স্বীকৃত। তাদের খাটো কুয়াশাপূর্ণ-ধূসর অথবা বাদামী-ধূসর রঙের পৃষ্ঠদেশের পশম যা ধবধবে সাদা পেট হইতে তীব্রভাবে সীমানা চিহ্নিত করে থাকে। লেজ সাধারণত মাথা ও দেহের চেয়ে লম্বা। নীচের তুলনায় উপরের অংশ সামান্য কালো হয় এবং অগ্রভাগ সোজা অথবা সমস্ত সাদা অংশের শেষ পর্যন্ত হয়। ইহারা সাধারণত উঁচু ভূমি ও বনাঞ্চলে গর্ত করে বসবাস করে। যেহেতু ইহারা বনে অবস্থান করে গর্তে বাস করে তাই ইহারা উঁচু স্থানের মাঠ ফসলসহ আশে পাশের ফলমূলের ক্ষতি করে থাকে।



আরও তথ্য জানার জন্য যোগাযোগ করুন

এইড-কুমিল্লা

গ্রাম : রঘুপুর, ডাকঘর : রাজাপাড়া, ইউনিয়ন : জগন্নাথপুর, উপজেলা : কুমিল্লা সদর, জেলা : কুমিল্লা।  
টেলিফোন : ০৮১-৬২৪৪৪, ০৮১-৭২০০৩ ফ্যাক্স : ০৮১-৬২৪৪৪, ই-মেইল : aidazad@btcl.net.bd  
web page : www.aidcomilla.org



United Nations Development Programme  
Chittagong Hill Tracts Development Facility (CHTDF)



Implemented by : AID-COMILLA

Referance: ACIAR, Australia, Dr. Ken P. Aplin, Dr. Peter R. Brown, Dr. Jens Jacob, Dr. Charles J. Krebs & Dr. Grant R. Singleton  
Krishi Katha Published by : Department of Agriculture Extension, Bangladesh  
Rodent Research Team in Bangladesh : Dr. Steven R. Belmont, NRI, University of Greenwich, UK, Dr. Nazira Q. Kamal, Dr. Santosh Kumar Sarker,  
Mohammad Harun, Md. Nazmul Islam Kadry, Abul Kalam Azad, Rokeya Begum Shafall of AID-COMILLA